

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৭.২০১৬-৯৭২

তারিখ : ০১ আগস্ট ২০১৭

বিষয়: নবসৃষ্ট “লালমাই” উপজেলা পরিষদের জনবল সৃষ্টি এবং জীপগাড়ি ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তিকরণের সম্মতি/ অনুমতি প্রদান।

সূত্র-১: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৭.২০১৬-২১১; তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০১৭।

সূত্র-২: জনপ্রশাসন মন্ত্রণালয় (সওব্দ্য-৫ শাখা) এর স্মারক নং ০৫.০০.০০০০.১৫৪.১৫.০১৮.১৫-১৪২; তারিখ: ২২ জুন ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে নবসৃষ্ট “লালমাই” উপজেলা পরিষদের জনবল সৃষ্টি এবং জীপগাড়ি ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তিকরণের সম্মতি/অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হয়। তদ্ব্যতিরিক্তে ২নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে কুমিল্লা জেলার নবসৃষ্ট “লালমাই” উপজেলা পরিষদের জনবল সৃষ্টি এবং জীপগাড়ি ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তিকরণের প্রস্তাব নির্বাচনের পরে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ১৭ ধারায় নবসৃষ্ট উপজেলা পরিষদে নির্বাচন অনুষ্ঠিত হওয়ার বিষয়ে নিম্নরূপ উল্লেখ রয়েছে :

“১৭। নির্বাচন অনুষ্ঠানের সময়।- নিম্নবর্ণিত সময়ে [চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান] মহিলা সদস্যগণের নির্বাচন অনুষ্ঠিত হইবে, যথা-

(খ) ধারা ৩(২) এর অধীনে ঘোষিত নতুন উপজেলার ক্ষেত্রে, উক্তরূপ ঘোষণার একশত আশি দিনের মধ্যে;

২। স্থানীয় সরকার বিভাগের ২৮ মার্চ ২০১৭ তারিখের ৪১৯নং স্মারকে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ১৭ ধারা অনুযায়ী কুমিল্লা জেলার নবসৃষ্ট “লালমাই” উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য অনুরোধ করা হয়েছে। উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হলে তাৎক্ষণিকভাবে জনপ্রশাসন, অর্থ বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগের সচিব কমিটির সুপারিশ ও প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করে উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের জন্য জনবল সৃজন, অফিস সরঞ্জামাদি ও যানবাহন টিওএন্ডইতে অন্তর্ভুক্ত করা সময় সাপেক্ষ হবে। সেকারণে কুমিল্লা জেলার নবসৃষ্ট “লালমাই” উপজেলা পরিষদের জনবল সৃষ্টি এবং জীপগাড়ি ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তিকরণের সম্মতি/অনুমতির প্রয়োজন।

৩। উল্লেখ্য, ইতোপূর্বে নবসৃষ্ট “কর্ণফুলী” উপজেলার পদ সৃজনের কার্যক্রম উপজেলা পরিষদ নির্বাচনের পূর্বেই শুরু করা হয়েছিল এবং জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জীপগাড়ি ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তিকরণের সম্মতি/অনুমতি প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত)।

৪। এমতাবস্থায়, কুমিল্লা জেলার নবসৃষ্ট “লালমাই” উপজেলা পরিষদের জনবল সৃষ্টি এবং জীপগাড়ি ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তিকরণের সম্মতি/অনুমতি প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

J.M.
০২/০৮/২০১৭
(ড. জুলিয়া মর্সিন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।